দৈনিক
ইত্তেফাক

তারিখ AUG 15 2006
পৃষ্ঠা ৯ কলাম ২



কুমিল্লা : উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামে ভর্তির টাকা আত্মসাতকারীর বিচার ও পুনরায় ভর্তির সুযোগের দাবিতে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ করে -ইত্তেফাক

# কুমিল্লায় ছাত্র ভর্তির ২ লাখ টাকা হাতিয়ে অফিস সহকারী উধাও ॥ বিক্ষোভ

॥ কুমিল্লা সংবাদদাতা ॥

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কুমিল্লা ইউসুফ স্কুল শাখায় এসএসসি প্রথম ও দ্বিতীয় বর্ষের ভর্তি থেকে বঞ্চিত প্রতারিত ছাত্র-ছাত্রীদের এক বিক্ষোভ সমাবেশ গত ১৩ই আগস্ট অনুষ্ঠিত হয়। বিক্ষোভ সমাবেশ শেষে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে এসএসসি প্রথম ও দ্বিতীয় বর্ষের প্রতারিত ছাত্র-ছাত্রীদের চলতি বছর ভর্তির স্বীকৃতিসহ ভর্তিকৃত টাকা আত্মসাৎকারী অফিস সহকারী আমীন আহসান হেলালের বিচারের দাবি জানানো হয়। এর আগে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিউলী আক্তার, মহিবুল্লাহ, গৌতম কুমার, সাথী সূত্রধর, দীপু ইসলাম, প্রদীপ দত্ত প্রমুখ।

সমাবেশে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা আত্মসাৎকৃত টাকা উদ্ধারের দাবিতে আগামী ২৫ আগস্ট সকাল ১১টায় শহরের কান্দিরপাড়ে মানব বন্ধন কর্মসূচি ঘোষণা করে। শহরের ইউসুফ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের অফিস সহকারী আমিন আহসান হেলাল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন ছাত্র-ছাত্রীদের ভর্তির দুই লক্ষাধিক টাকা নিয়ে গত ২২ জুলাই থেকে পলাতক। এর প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা গত শুক্রবার স্কুলের প্রধান শিক্ষককে তার কক্ষে অবরুদ্ধ করে রাখে।